দৈনিক বাংলা

তারিখ 31 AUG 1995
পৃষ্ঠা ৭ কলাম ৩

45

## ইসলামী ভার্সিটির দুটি হল উদ্বোধন

# বিজ্ঞান ও প্রযুক্তিকে সর্বোচ্চ অগ্রাধিকার দিতে হবে ঃ প্রেসিডেন্ট

কুষ্টিয়া, ৩০ আগস্ট (বাসস)।– প্রেসিডেন্ট আবদুর রহমান বিশ্বাস বিজ্ঞান ও প্রযুক্তির ক্ষেত্রে একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ গ্রহণের জন্য শিক্ষাব্যবস্থায় বিজ্ঞান ও প্রযুক্তিকে সর্বোচ্চ অগ্রাধিকার প্রদানের আহবান জানিয়েছেন। খবর বাসস'র।

প্রেসিডেন্ট বিশ্বাস মঙ্গলবার ইসলামী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ছাত্র, শিক্ষক, অভিভাবক ও গণ্যমান্য ব্যক্তিদের এক সমাবেশে বলেন, আমাদের সামনে এগিয়ে যেতে হবে এবং ইসলামী মূল্যবোধে উজ্জীবিত হয়ে বিজ্ঞান ও প্রযুক্তির ক্ষেত্রে জ্ঞান অর্জন করতে হবে।

প্রেসিডেন্ট নবনির্মিত শহীদ জিয়াউর রহমান হল, খালেদা জিয়া হল, কেন্দ্রীয় গ্রন্থাগার, চিকিৎসা কেন্দ্র এবং শিক্ষকদের জন্য ক্লাব ও ডরমিটরী উদ্বোধনের জন্য ঢাকা থেকে এখানে আসেন।

ইসলামী বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর অধ্যাপক এম ইনামুল হকের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে ডাক ও টেলিযোগাযোগমন্ত্রী তরিকুল ইসলাম, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক ইয়াজউদ্দিন, রেজিস্ট্রার এম জহুরুল ইসলাম, সমাজবিজ্ঞান অনুষদের ডীন ডঃ এম আশরাফ আলী ও ধর্মতত্ত্ব অনুষদের ডীন এম একিনউদ্দিন বক্তব্য রাখেন।

প্রেসিডেন্ট বিশ্বাস ছাত্রদের সেরা মানবসম্পদ বলে উল্লেখ করে বলেন, এই সম্পদের অপচয় দুঃখজনক। তিনি বলেন, ক্যাম্পাসে নৈরাজ্য ও সন্ত্রাসের কারণে গোটা শিক্ষাব্যবস্থা আজ হুমকির সম্মুখীন। তিনি এই পরিস্থিতি পরিবর্তনের জন্য ছাত্র, শিক্ষক, অভিভাবক, রাজনীতিক ও বুদ্ধিজীবীদের আন্তরিকতা ও সাহসিকতার সঙ্গে এগিয়ে আসার আহবান জানান।

প্রেসিডেন্ট বলেন, স্বাধীন বাংলাদেশের মাটিতে ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার জন্য শহীদ জিয়াউর রহমান বৈপ্লবিক পদক্ষেপ গ্রহণ করেছিলেন। তিনি এক্ষেত্রে সাবেক প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমানের অবদানের কথাও স্মরণ করেন।

প্রেসিডেন্ট বিশ্বাস আশা প্রকাশ করেন যে মিসরের আল আজহার বিশ্ববিদ্যালয়সহ বিশ্বের অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের মত এই প্রতিষ্ঠান নিজস্ব ধারায় লক্ষ্যের দিকে এগিয়ে যাবে। তিনি শিক্ষা ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের গৃহীত কর্মসূচীর প্রশংসা করেন।

প্রেসিডেন্ট সেশনজট দূর করার লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ে একাডেমিক ক্যালেন্ডার চালু করার প্রশংসা করেন এবং আশা প্রকাশ করেন যে, অন্যান্য বিশ্ববিদ্যালয়গুলোও এ পথ অনুসরণ করবে।

এর আগে ইসলামী বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর ও শিক্ষকবৃন্দ প্রেসিডেন্টকে অভ্যর্থনা জানান। প্রেসিডেন্ট বিশ্বাস আনুষ্ঠানিকভাবে শহীদ জিয়াউর রহমান হল ও খালেদা জিয়া হল উদ্বোধন করেন।

খালেদা জিয়া হল উদ্বোধনের পর প্রেসিডেন্ট ছাত্রীদের উদ্দেশে বলেন যে তারা হচ্ছে উন্নয়নের সমঅংশীদার। তিনি সেখানে চিকিৎসা কেন্দ্র, খাদেমুল হারামাইন বাদশাহ ফাহ্দ-বিন আবদুল আজিজ গ্রন্থাগার এবং ডরমিটরী ও ক্লাব উদ্বোধন করেন।

আবদুর রউফ চৌধুরী এমপি, মাশিউর রহমান এমপি, আবদুল খালেক এমপি, আহসানুল হক মোল্লা এমপি ও সেলিনা শহীদ এমপি অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

### ছাত্র প্রতিনিধিদলের সাক্ষাৎ

ইসলামী বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের ছাত্রদের একটি প্রতিনিধিদল মঙ্গলবার বিকালে প্রেসিডেন্টের সঙ্গে সাক্ষাৎ করেন।

তারা পরিবহনসহ তাদের কিছু সমস্যার কথা প্রেসিডেন্টকে অবগত করান। প্রেসিডেন্ট ধৈর্যের সঙ্গে তাদের কথা শোনেন।

ডাক ও টেলিযোগাযোগমন্ত্রী তরিকুল ইসলাম, বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর অধ্যাপক এম ইনামুল হক এ সময় উপস্থিত ছিলেন।